



৩৩ এ কল দিন
সরকারি সেবার তথ্য নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শরীয়তপুর সদর, শরীয়তপুর

১৪২৭ বাংলা সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১খিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকাদেশ মূলে সরকারি হাট-বাজারসমূহের ইজারা পদ্ধতি, ব্যবস্থাপনা সংক্রান্ত প্রাপ্ত সর্বশেষ নীতিমালা অনুযায়ী শরীয়তপুর সদর উপজেলার ভৌগোলিক সীমানার মধ্যে অবস্থিত তফসিলে বর্ণিত হাটবাজারসমূহ ১৪২৭বঙ্গাব্দের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে (১বৈশাখ ১৪২৭ হতে ৩০চৈত্র ১৪২৭ পর্যন্ত) এক বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ীভাবে টোল আদায়ের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তির নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাটের জন্য পৃথক পৃথকভাবে সিলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর, সহকারী কমিশনার (ভূমি), শরীয়তপুর সদর, সোনালী ব্যাংক, শরীয়তপুর শাখা, পালং মডেল থানা, শরীয়তপুর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে ক্রয় করা যাবে এবং নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত কার্যালয়সমূহের রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দেওয়া যাইবে। সিডিউল বিক্রিত টাকা অফেরৎযোগ্য। ধার্য তারিখ বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। ইজারার কাজিক্ত সরকারি মূল্য, দরপত্র ফরমের মূল্য এবং টেন্ডরের সময় সূচি নিম্নরূপ :-

১৪২৭ সনের তফসিলভুক্ত হাট-বাজার ইজারার ক্যালেন্ডার

বিজ্ঞপ্তি	দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ	দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০২/৩/২০২০	০৩/৩/২০২০ সকাল ০৯টা হতে ০২.০০ টা পর্যন্ত	০৩/৩/২০২০
২য় পর্যায়	০৪/৩/২০২০ হতে ১৫/০৩/২০২০	১৬/৩/২০২০ সকাল ০৯টা হতে ০২.০০ টা পর্যন্ত	১৬/৩/২০২০
৩য় পর্যায়	১৭/৩/২০২০ হতে ২৪/৩/২০২০	২৫/৩/২০২০ সকাল ০৯টা হতে ০২.০০ টা পর্যন্ত	২৫/৩/২০২০
৪র্থ পর্যায়	২৬/৩/২০২০ হতে ০১/৪/২০২০	০২/৪/২০২০ সকাল ০৯টা হতে ০২.০০ টা পর্যন্ত	০২/৪/২০২০
৫ম পর্যায়	০৩/৪/২০২০ হতে ১২/৪/২০২০	১৩/৪/২০২০ সকাল ০৯টা হতে ০২.০০ টা পর্যন্ত	১৩/৪/২০২০

১৪২৭ বাংলা সনের তফসিলভুক্ত হাট-বাজার

ক্রম	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	সরকারি কাজিক্ত ইজারা মূল্য	দরপত্র সিডিউল মূল্য
০১	চন্দ্রপুর	চন্দ্রপুর হাট	=১৬,১০,৫০৩/-	=৪,০০০/-
০২		রায়পুর হাট	=২,৮৩০/-	=৫০০/-
০৩	রুদ্রকর	বুড়ির হাট	=৬,৫৬,৩৬৯/-	=২,০০০/-
০৪		সুবচনী হাট	=৩২,০৩০/-	=৫০০/-
০৫	চিকন্দি	চিকন্দী হাট	=১,১৪,৪০২/-	=১,০০০/-
০৬	শৌলপাড়া	গঙ্গানগর হাট	=২,৩৬,০২৭/-	=১,২০০/-
০৭		শৌলপাড়া হাট	=৮,৪০৯/-	=৫০০/-
০৮		গ্রাম চিকন্দী	=১,৩৯৪/-	=৫০০/-
০৯	ডোমসার	ডোমসার হাট	=৭,৮৬৫/-	=৫০০/-
১০		মুন্সীর হাট	=১,৬৪১/-	=৫০০/-
১১	বিনোদপুর	গয়াতলা হাট	=২,০৯,৩৫০/-	=১,২০০/-
১২	মাহমুদপুর	মাহমুদপুর হাট	=২৩,৬৮১/-	=৫০০/-
১৩	আংগারিয়া	দাদপুর ভাষান চর হাট	=৪,০৫০/-	=৫০০/-
১৪	তুলাসার	আড়িগাঁও হাট	=২,৪৪৬/-	=৫০০/-
১৫	চিতলিয়া	চিতলিয়া সমিতির হাট	=১৯,৭৯০/-	=৫০০/-

প্রথম দফায় কাজিক্ত মূল্য সন্তোষজনক না হলে কিংবা কোন বাজারের দরপত্র দাখিল না হলে দ্বিতীয় দফায় ধার্য তারিখে দরপত্র গ্রহণ করা হবে। দ্বিতীয় দফায় কাজিক্ত মূল্য সন্তোষজনক না হলে কিংবা কোন বাজারের দরপত্র দাখিল না হলে তৃতীয় দফায় ধার্য তারিখে দরপত্র গ্রহণ করা হবে। এমনি করে চতুর্থ দফা ও পঞ্চম দফায় কাজিক্ত মূল্য সন্তোষজনক না হলে কিংবা কোন বাজারের দরপত্র দাখিল না হলে উপরে বর্ণিত হাট বাজারে খাস আদায় চলমান থাকবে।

০১। দরদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর, শরীয়তপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা